প্ৰত-কুসুম।

গীতিকা।

শ্রীহরিমোহন রায় কর্তৃক

প্রণীত ও প্রকাশিত।

কলিকাভা।

৪৭ নং পাথুরিয়াঘাটা খ্রীট ।

সাহিত্য-যন্তে।

জ্ঞীখরচন্দ্র বস্তু ছারা।

মুদ্রিত।

2 5PE 1



Marod Junes



নাড়োল্লিখিত,ব্যক্তিগণ।

शूक्ष ।

মহাদেব
গীগরিরাজ
নারদ
মদন
বসস্ত
নালি

खी।

মেনকা
উর্বসী
রিজদেবী মদনের জ্রী
মেনকা গিরিরাজের জ্রী
উমা গিরিরাজের কন্যা।
জয়া
বিজয়া

গ্ৰন্থাপ্ন

🔯 👜 যুক্ত বাবু নন্দলাল মলিক

মহা**প**য়ের

করে

গ্রন্থকার

আদরের

সহিত

পৰ্বত-ক্সুম

গীতিকা

সমগ্ৰ

করিল।

ভ মিকা।

গহা কবি কালিদাস কুমারদস্কবে যে, কি
পর্যন্ত কবিত্বশক্তি প্রকাশ করিয়াছেন, বাঁহারা
কুমারসপ্তৰ পাঠ করিয়াছেন, তাঁহারাই জানিতে
পারিয়াছেন। যোড়াসাঁকো নাট্য সমাজের অভিনয়ের জন্য কুমারসপ্তবের "পর্বত-কুস্থম," নাম
দিয়া মুদ্রিত ও প্রচারিত হইল। পর্বত-কুস্থমে
মদন ভত্ম অবধি শিবের বিবাহ পর্যন্ত বর্ণিত
হইয়াছে। কিন্তু আমি যে, কতদূর পর্যন্ত কতকার্যা হইয়াছি বলিতে পারি না। তবে এইমাত্র
বলিতে পারি যে, দৃশ্য কাব্য যে প্রণালিতে
রচনা করিতে হয়, তাহার কিছুমাত্র ক্রেটি করি
নাই। এক্ষণে পাঠক মহাশয়ের। পর্বত-কুস্থমটীকে
সক্ষেহ নয়নে নিরীক্ষণ করিলে, সমুদায় পরিশ্রম
সক্ষল জ্ঞান করিয়া চরিতার্থ হইব।

কলিকাতা) বোড়াসাঁকো ২২৮৫।

🕲 হরিমোহন রার।

প্রস্তাবনা।

इमन कलान-आड़ाटक्का।

স্থেত-দরোজ-বাদিনি, গান-বাদ্য-বিধায়িনি, ভুমি মা কবিতা দেবি,


८वम श्रमविनि ।

অভয় চরণ তব, কবিজনের বিভব,

मीन জत्न (पर्णा गा, विमावितानिन।

বাসনা করেছি মনে, তুষিব স্থজনগণে,

উমাপরিণয় গানে, ওমা বাগাদিনি—



প্রথম অস্ত ৷

थ्यम मुना।

হিমালয়। প্রমোদকানন।

রতিদেবী, উর্বাদী ও মেনকার প্রবেশ।

উর্ব । দেখ সখি ! আজ প্রমোদকাননের কি মনোহর শোভাই হয়েছে। তরুগণ নব পল্লবে পল্লবিত, ফল মুকুলে স্থাোভিত, এবং লতা সকল কুস্তমিত হয়ে, আজ প্রমোদ-কানন যেন নন্দন কাননের শোভা ধারণ করেছে।

মেন। দখি উর্বাশি! আজ আমাদের প্রিয়দখীও নানা
ভূষণে বিভূষিতা হয়ে, কি অপূর্ব জীধারণ করেছে।
অকলক্ষ শরক্তদ্রমা বেমন নীলাম্বরে শোভা পায়, প্রিয়দখীও আজ নীলাম্বর পরে সেই রূপ শোভা পাছে।

খামাজ-একতালা।

তব কি শোভা হয়েছে স্কুনরি, মন্দার-কুসুম-হার গলে পরি, মরি মে শোভার, উপমান আর, নাহি গো দঙ্গনি ত্রিঙ্গাত ভরি। বেঁধেছ মোহন ছাঁদে কবরী,
বেড়িরে দিয়েছ কুসুম লহরী,
কলক্ষ চক্রমা মৃগ'লিশু ধরি,
নিরমল তুমি প্রাণ-সহচরি।
নয়নে মোহন অঞ্জন পরেছ,
মুখ-পল্লে দুটা অমর ধরেছ,
ক্রপের ছটায়, ভুলাবে সখায়,
তাই কি গো দেজেছ;
সজনি প্রাণের সখা আদিবে,
তোমা ধনে বামেলিয়ে বদিবে,
জমনি মুখের নীরে ভাদিবে,
বেতামার মধুর অধ্বর ধরি।

মেন। দখি! আজ ভাই তুমি বেদ দেজেছ।

উর্বব। ফুলের মালা একলা পরেছ?

রতি। কেন স্থি! তোমরা কি প্রনি?

মেন। আমরা পরলে তোমার স্থথ কি?

রতি। কেন দখি! তোমরা পরলেইতো আমার স্থা।

উর্ব্ব। নাস্থি! ওটি তোমার মনগড়া কথা।

রতি। কেন স্থি! মনগড়া কথা কিলে?

মেন। নয় কেমন করে ভাই! দথা মদনের জন্যে কোন্ এক ছড়া মালা গাঁথ্লে। চল ভাই, এই কুস্ম গুলি চয়ন করে দথার জন্যে একছড়া মালা গাঁথি গে।

পৰ্বত-কুত্ম।

' পিলু—খেমটা।

মেন । সমস্বরে।—— উর্ব্ব

কুসুম তুলি দখি প্রেমের ভরে,
আজি দাজান প্রিয়নরে।
গাঁথিয়ে চিকণ হার সজনি,
দিব দোলায়ে তাঁর গলে।
সথি তোমা ধনে, মিলায়ে সৈ জনে,
ভাদিব মুখ সরোবরে।

রতি। স্থি! তোমরা এত রঙ্গও জান।

·মেন। স্থি! রঙ্গ না হলে আমরা এক দণ্ডও থাকতে পারিনে।

উর্বব। আজ রঙ্গের মানুষ পেয়েছি, তাই হুটো রঙ্গ করছি, কেন ভাই, তুমি কি রাগ করলে ?

রতি। দে কি ভাই, তোমাদের কথায় যদি রাগ হবে, তবে অনুরাগ কার কাছে প্রকাশ করব।

মেন। কেন ভাই, অনুরাগ প্রকাশের তে। লোক আছে। উর্ব্ব। কেন ভাই রাগ প্রকাশেরও তো লোক আছে। রতি। দে আবার কে?

মেন। কেন স্থি, রাগ প্রকাশের লোক আমরা, সার অতুরাগ প্রকাশের লোক তোমার প্রাণবয়ভ।

রতি। নাওভাই, তোমাদের কথায় পারা ভার, তোমরা কেন আমাদে এত বিদ্রূপ করছ, ক্ষান্ত হও, আৰু ভাই, আমার কিছুই ভাল লাগছে না। মনটা বড় বিচলিত হচ্চে।

উর্ব । তাতো ভাই হতেই পারে। এই মনোহর উপ-বন, মৃত্যুনদ মলয় সমীরণ, তাতে আবার চক্র কিরণোজ্জ্বল্-রজনী, স্থা মদন নিকটে নাই, এতে যে মন বিচলিত হবে, একথা বলাই বাহুল্য।

রতি। তোমরা যা বল ভাই, কিন্তু যথার্থই আজ মনটা বড় বিচলিত হয়েছে, কিছুই ভাল লাগছে না।

विद्योगि-- मध्यमान।

কেন আজ কাঁদে প্রাণ মন।
না জানি কি অমকল হবে সখি সংঘটন।
ব্যাকুল হতেছে মন, প্রাণ হল উচাটন,
নাচিতেছে অনুক্ষণ, মম দক্ষিণ নয়ন।
সথি উপদেশ ছলে, কে খেন দিতেছে বলে,
আজি গো সরলে ভুমি, হারাইবে পতিধন॥

মেন। সখি, না না এমন স্থের সময় তুমি অমন অনিষ্ট চিন্তা করোনা। সখি! তুমি পতিপ্রাণা, পতিসোহাগিনী তা আমরা জানি। কিন্তু তা বলে কি, তাঁর একটু
বিলম্ব দেখে এত অসঙ্গল চিন্তা করতে হয়।

সেহিনী-আড়থেমটা।

ছি ছি সথি ! কেন ভাব তুমি ও ভাবনা আর। চলনা তুলিয়ে আনি কুস্তুম সম্ভার। গাঁথিয়ে চিকণ হার, গৈলে পরাইলে তাঁর, বাড়িবে অধিক শোভা, সধার তোমার। শ্রীমুখে মধুর হাস, সুথের সাগরে ভাস, হেরিয়ে শীতল হোক, অন্তর সবার॥

মেন। (পশ্চাতে মদনকে দমাগত দেখিয়া)
দেখ সথি দেখ ওই নয়নে।
প্রোণের ঈশ্বর তব, মনোমত মনোভব,
আসিছেন এরম্য কাননে।

উর্ব । (অগ্রসর হইয়াইনদনের করধারণ পূর্বক)

এস স্থা এতক্ষণ ছিলে হে কোথায়।
তোমার বিলম্বে স্থা পাগলিনী প্রায়।

রতি। (কৃত্রিম কোপ ভরে)
ছিছি দঝি তোমাদের একি ব্যবহার।
আর তোমাদের দনে, আদিব না উপবনে,
করিব না কানন বিহার।

মদন। (রতি দেবীর পার্শে আদিয়া, রতির করধারণ পূর্বক)
কেন প্রিয়ে কেন এত কর অভিমান।
সবীজন প্রাণের সমান।

মেন। (উর্বেশীর প্রতি) সথি! দেখ দেখ, প্রিয়স্থা সখার বামে দাঁড়ায়ে কি অপূর্ব্ব শ্রীধারণ করেছে।
উর্বে। স্থি, চিরবিরহের পর, প্রেম-ভরে যেন
সাধ্বীলতা সহকার তরুকে আশ্রয় করেছে।

সাহানা-একতালা।

কনক-লতিকা রত্তি মরি কি শোভিল হায়, সহকার তরু কাম সোহাগে বেড়িল তায়। দোহার মোহন ছাঁদে, গগনে শশান্ধ কাঁদে, মৃগ শিশু কোলে লয়ে শোকাকুল প্রাণ, সেই থেদে বুঝি শশী জলদে লুকায়।

মেন। স্থা, আজ তোমার এত বিলম্ব কেন, যাহোক এখন স্থার সঙ্গে একটু আমোদ প্রমোদ কর, দেখে আমা-দের নয়ন মন পরিতৃপ্ত হোক।

মদন। না না দখি, আজ অধিক বিলম্ব কর্তে , পার্ছিনে। তোমরা আমাকে বিদায় দাও। আজ্ আমাকে একটী গুরুত্র কার্য্য দাধন করতে হবে।

মেন। স্থা! এমন কি গুরুতর কাজ আজ সাধন করবে।
মদন। স্থি! ছুর্দান্ত তারকাত্মর কর্তৃক অমরকুল
নিপীড়িত। স্থরলোকে এমন একটী বীর নাই, যে ভারকাস্থরের নিধন সাধন করে।

রতি। নাথ, তবে কি তুমি তারকাস্থর বধ করতে যাবে ?
মদন। না প্রিয়ে, আমি কেন যাব? হিমালয় প্রান্তে
দক্ষরাজনন্দিনী সতীর শোকে দেবাদিদেব মহাদেব সমাধি
করে বদে আছেন, আমাকে তার ধ্যানভঙ্গ করতে হবে 1

্রতি। নাথ! মহাদেবের ধ্যানভঙ্গ করলে কি হবে ? মদন। প্রিয়ে, মহাদেবের ধ্যানভঙ্গ করে গিরিরাজ-নন্দিনী উমার সঙ্গে যাতে তাঁর মিলন হয়, তা করতে হবে। দেই উসার গভে কুমার জন্ম গ্রহণ করে ছুরাক্সা তারকাস্থরকে বধ কর্বেন। এ না হলে আমাদের নিস্তার নাই।
এটী দেবকার্য্য, প্রাণপণে সাধন করতে হবে।

রতি। নাথ! তোমাকে বিনয় করি, এ অধ্যবসায় হতে নিরস্ত হও।

সোহিনী বাহার। আড়থেমটা।

যেওনা হৃদয়নাথ তুমি শঙ্কর যথায়।

দাসীর মিনতি রাখ ধরি তব পায়॥

সক্রোধ স্বভাব হর, জানে সুরাসুর নর,

এ বাসনা পরিহর, ওহে রসরায়॥

যহেশের কোপানলে, কেন মরিবে হে জলে,

তা হলে চিরদাসীর কি হবে উপায়।

মদন। সে কি প্রিয়ে, এ দেবকার্য্য, এ কার্য্যে নিরস্ত হলে চল্বে কেন ? এ কার্য্য করতেই হবে। এতে আমা-দেরও স্বার্থ আছে। বিশেষতঃ দেবরাজের নিকটে আমি প্রতিশ্রুত হয়ে এদেছি।

মোলার। আড়াঠেকা।
কি লাগিয়ে প্রাণ-প্রিয়ে হতেছ এত কাতর,
এতিন ভুবনজয়ী আমার কুমুম শর।
হানিয়ে কুমুম বাণ, ভাঙ্গিব হরের ধ্যান,
ভাসিবে দুখসাগরে, যত অমর নিজর:
তোমার সহায় আজ, সাধিব হে দেবকাজ,
চল সতি দ্রুত্রগতি ষ্ণা সেই সভীশ্বর।

মদন। প্রিয়ে! দে জন্যে তুমি এত চিন্তা করছ কেন? আমার এই কুস্থম-শ্রাদন আর কুস্থম-বাণের যে, কত বল্-বীর্য্য, তাতো তোমার অবিদিত কিছুই নাই। এই সম্মো-হন বাণে তপদ্যানিরত ধূর্জ্জটির মন মোহন করে, ত্রিলো-কের প্রিয়কার্য্য সম্পাদন করব। প্রিয়ে! ভূমি কিছুমাত্র চিন্তা করো না, সথা বসস্তকে সঙ্গে লয়ে দেবকার্য্য সম্পা-দন করিগে।

মেন। কেন সধি! কেন এত ভয় ত্রিলোচনে।
এ তাঁহার প্রিয়কাষ্য শুন বরাননে॥
উর্বি। যাও সতি লয়ে পতি সুকার্য্য সাধনে।
স্থার গৌরব রবে এ তিন সুসনে॥

সিকলের প্রস্থান।

প্রথম অঙ্ক।

দ্বিতীয় দুশা।

গিরিরাজের অন্তঃপুর শয়নমন্দির।

গিরিরাজ ও মেনকার প্রবেশ।

গিরি। প্রিয়ে! কি ৰল্ছিলে, বল না ?

মেন। নাথ! আর কি বলব, ভুমি কি কিছুই জান না ?

গিরি। প্রিয়ে! আমি সব জানি, প্রাণাধিকা উমা
, বিবাহ যোগ্যা হয়েছে, তা কি আমি জানিনে ? কিন্তু আমার
ভিমার যোগ্য বর কই।

সেন। সে কি নাথ! এ ত্রিলোকে উমার যোগ্য বর নাই, তবে আর সংসার আশ্রমে থেকে স্থপ কি? প্রাণাধিকা উমার যদি বিবাহ দিতে না পারলেম, নবযৌবন-সম্পন্না স্থক্মারী যাবজ্জীবন কুমারী অবস্থায় থাক্ল, তবে সংসার ত্যাগ করে বনে যাওয়াই উচিত।

বেহাগ—একতালা।

নাগ হে উগাধনে।

গলায় গাঁপিয়ে, যাইব চলিয়ে, নিবিড় বিজন বনে।
নবীন যৌবন ঘিরেছে দেহে, ভুলায়ে বালারে মমতা স্নেহে,
আর কি রাখিতে পারি হে গেহে, ভেবেছ কি ভাব মনে।
সোনার প্রতিশা উমা আমার, অতুলনা কপ রূপের সার,
নবীন জীবনে যৌবনভার, কতই সহিবে আর;
বিরাজ করিছে শান্তি যথায়, উমারে লইয়ে যাব তথায়,

किता सूथ आत थाकि (रुजाग्न, तत ज्या मूरे जटन ॥

নাথ! এ সংদার আশ্রমে আর কি প্রয়োজন? যেখানে শান্তিদেবী বিরাজ করছেন, যেখানে হিংদা নাই, দ্বেষনাই, যেখানে মকরকেতনের কুহুম-শরের মর্য্যাদা নাই, দেই
শান্তিরদাশ্রিত বনে গিয়ে জীবনের অবশিষ্ট কাল যাপন
করি। মহারাজ! আমার প্রাণের উমা যদি তোমার এতই
গলগ্রহ হয়ে থাকে, তবে আমাদের বিদায় দাও।

গিরি। প্রিয়ে! আমাকে এ অনুচিত তিরকার কেন করছ? আমার উমা বিবাহ যোগ্যা হয়েছে, তা আমি জানি, কিন্তু কি করব, উমার যোগ্য বর না পেলে কি যাকে তাকে উমাধন সমর্পণ করব? প্রিয়ে আমি. নারদের মুখে শুনেছি, উমা আমার সামান্য ধন নন ।

পরজ—ঝাপতাল।

উমা দামান্য ধন নহে গুণবতি,
কেমনে জানিবে প্রিয়ে তুমি ক্ষীণমতি।
তনু ত্যাজ দক্ষালয়ে, এদেছেন হিমালয়ে,
হরের হৃদয়ধন, প্রান্তুতির সতী।
অস্তুর অমর নর, মারে ভাবে নিরন্তর,
সেই ধন তব গৃহে, উদয় সম্পুতি।

প্রিয়ে! উমা কি আমার দামান্য ধন যে, যার তার দঙ্গে বিয়ে দেব, প্রিয়ে! একটু স্থির হওতে।;—এ বীণাধ্যনি শোনা যাচ্ছে, বোধ হয় নারদ আদছেন।

নারদের প্রবৈশ। সভীপতি গলাধর ত্রিপুর নিধনকারী। শশ্মান-নাটক, বিধাণ-বাদক, ডমুক ত্রিশূলধারী। কটা জুটে গন্ধা পাপী পাবনী, কুল কুল রবে করেন ধানি, জ্বাহা বিরাজে কেবল ফণী, আহা কিবা মনোহারী। ধাক্ধাক্ বহি জ্বলিছে ভালে, বম্বম্রব নিয়ত গালে, কত শোভা ধরে হাড়ের মালে, ভীষণ শাশানচারী॥

গিরি। দেব্ধি ! আস্থন আস্থন, (উভয়ে দণ্ডবৎ প্রণাম।) আপনার পদার্পণে পুরী পবিত্র হলো। আর আমরাও চরিতার্থ হলেম।

নারদ{। (হস্ত উত্তোলন করিয়া) চিরায়্রস্ত ; তবে গিরিরাজ, সমুদ্য কুশল তো ?

গিরি। আপনার আশীর্বাদে সকলই কুশল।
নারদ। ভাল ভাল! (মেনকার প্রতি) শুভে! আপনি
কুশলে আছেন তো ?

্মেন। আজ্ঞা শারীরিক কুশল বটে, কিন্তু মনের বড় অন্তথা

নারদ। সে কি, মনের অহ্থ কেমন?

মেন। মনের অস্থ কি জানেন, উমা বিবাহ-যোগ্য হয়েছে, তার উপযুক্ত বর পাওয়া যাচ্ছে ন!।

নারদ। এঁয়া ! উমার বর পাওয়া যাচ্ছে না ? সে,কি গিরিরাজ ! উমার যোগ্য বঁরতো আপনার এই হিমালয়েই আছে ! গিরি। সে কি দেবর্ষি, হিমালয়ে উমার যোগ্য বর!
কিছুই বুঝতে পারলেম না।

নারদ। হাঁ গো, এই হিমালয়ে উমার বর স্থরধুনী-তীরে সমাধি করে বদে আছেন।

গিরি। তবে আপনি কি দেবাদিদেব মহাদেবের কথা বলছেন ?

নারদ। তা নাতো কি, মহাদেব বাতীত উমার বর আর কে আছে? আমি পূর্ব্বেইতো তোমাকে বলেছি নে, উমা তোমার সামান্য ধন নয়; এই সময় থেকে উমাকে শিবের শেবায় নিযুক্ত করে দাও, আমিও এই মাত্র উমাকে বলে এলেম যে, তুমি সঙ্গিনী সঙ্গে গুরধুনী-তীরে গিয়ে শিবের দেবায় নিযুক্ত হও। গিরিরাজ! এ শুভ কর্মে আর বিলয় করো না।

গিরি। দেবর্ষি! আমাদের এমন সোভাগ্য কি হবে যে, দেবাদিদেব মহাদেব আমার উমার পাণিগ্রহণ করবেন ?

নারদ। গিরিরাজ ! তার আর সন্দেহ কি, শীঘু উমাকে শিবের সেবায় নিষ্ক্ত করে দাও, আমি এখন চল্লেম, স্থর-পুরে বিশেষ কার্য্য আছে।

গিরি। যে আজ্ঞা, তবে আহ্ন। (প্রণাম।)

[নারদের প্রস্থান।

গিরি। প্রিয়ে ! আর কেন, এইতে । শুনলে, এখন
মহরে উমাকে মহাদেবের নিকটে পাহিয়ে দাও, আর বিলম্ব

পৰ্বত-কুত্তম।

করে: না, আমি একটু কার্যান্তরে গমন কর'ব, বিশেষ প্রয়োজন আছে।

[গিরিরাজের প্রস্থান।

মেন। (স্বগত) তাইতো, কেমন করে প্রাণাধিকা উমাকে কাননে পাচাই। উমা আমার স্থবর্ণ-প্রতিমা, নবনী অপেক্ষাও স্থকোমল। বাছা আমার নবীন জীবনে কেমন করে, কঠোর মুনিত্রত অবলম্বন করবে। উমা আমার কাননে গিয়ে শিবের আরাধনা করবে, আর আমি রাজ-ভবনে থেকে স্থ-সচ্ছন্দে স্থ সম্ভোগ ক'রব ? (পশ্চাতে অরলোকন করিয়া) এই যে স্থী-সঙ্গে উমা আমার এই দিকেই আসছে।

जया विजया ७ उमात প্রবেশ।

উমা। জননি ! আমি নারদের মুথে শুনলেম যে, কৈলাস-নাথ হিমালয়ে তপদ্যা করছেন, অতএব আমি সঙ্গিনী সঙ্গে শিবারাধনায় চল্লেম, আমাকে বিদায় দাও।

মেন। বাছা উমা, তোমাকে বিদায় দেব, এমন নিষ্ঠুর কথা কেন বল্লে মা! বাছা তোমার জননীকে ত্যাগ করে কোথায় যাবে! বাছা জয়া বিজয়া, আমার উমাকে লয়ে তোমরা কোথায় যাবে মা ?

প্রজ--রাঁপতাল ।

অনুমতি দেহ মা, প্রদন্ন বদনে। আরাধিতে পশুপ্রি যাইন কাদনে॥ দেবের দুল্ল ভ ধন, সভীপতি ত্রিলোচন, পুজিব চরণ তাঁর, প্রিয় সখী সনে। জননি ভকতি ভরে, তুই করি সভীশ্বরে। ত্রায় সঙ্গিনী সনে, আসিব ভবনে !

মেন। না বাছা! আমার প্রাণ থাকতে তোমাদের যেতে দেব না, এই হিমালয়, সকল দেবের আবাসন্থান, দেবারাধনা করতে যদি তোমাদের ইচ্ছা হয়ে থাকে, তবে গৃহে বদে দেবারাধনা কর।

> বাহার—একতালা। বিজন কাননে, উমা তে:মাধনে, পাচাইতে মন চায় না। থাকিয়ে আলয়ে, প্রিয় সখী লয়ে,

শিব পূজা কি মা হয় না। সোনার প্রতিমা উমা মা তুমি, কেমনে ভ্রমিবে কানন ভূমি,

সবে কি প্রাণে;— বাছা তুমি আঁথিতারা, ক্ষণে হলে হারা, নয়নে সলিল রয় না।

মেন। সা উমা, আমি প্রাণ ধরে তোমাকে বিদায় দিতে পারব না।

জয়া। মা গিরিরাণি! আমর। উমাকে লয়ে স্থরধূনী-তীর পর্যান্ত যাব বৈত নয়, তার জন্যে আপনি এত চিন্তা কর্ছেন কেন?

মেন। বাছা জয়া! উমা আমার জীবন সর্বাস্থ, যাকে
এক দণ্ড না দেখলে জগং শূন্যময় দেখি, তাকে কেমন
করে নিবিড় কাননে পাঠাব, আমি তা কখনই পারব না।

বিজয়া। জননি। আপনি উমার জন্যে কিছু মাত্র চিন্তা করবেন না, আমরা শিবারাধনা করে অতি সম্বরেই গৃহে প্রত্যাগত হব।

মেন। বাছা বিজয়া সত্য বটে, তোমরা উমার সঙ্গে থাকবে, আমি এই ভরদাতে জীবন ধারণ করে রইলেম। (উমার কর ধারণ করিয়া জয়া বিজয়ার করে দমর্পণ পূর্বক) বাছা জয়া বিজয়া, এই আমার নয়ন-তারা দোনার প্রতিমা উমাকে তোমাদের করে অর্পণ করলেম, সন্থরে শিবারাধনা করে, আমার উমাকে লয়ে গৃহে এদ। দেখো মা! যেন অধিক বিলম্ব না হয়, আমি একান্ত মনে আশীর্বাদ করছি, যেন তোমাদের মনোবাদনা পূর্ণ হয়, (উমার প্রতি) চল মা, তোমার বেশ-বিন্যাদ করে দিগে।

ি সকলের প্রস্থান।

দ্বিতীয় অন্ধ।

প্রথম দৃশ্য।

হিমালয়—স্থরধুনী-তীর। মহাদেব ও নন্দীর প্রবেশ।

মহা। নন্দি! আরু অধিক দূরে যাবার প্রয়োজন নাই। এই স্থানটা অতি রমণীয়, অদূরে বেগবতী স্থরধুনী প্রবাহিতা হচ্ছে, নিকটে দেবদারু বন, আহা! এখানে শান্তিদেবী যেন মৃত্তিমতী হয়ে বিরাজ করছেন। নন্দি! আর কত কাল দাক্ষ্যায়ণীর বিরহ-যন্ত্রণা সহ্য করব, (স্বগত) প্রিয়ে! আমি তোমাকে কত বিনয় বাক্যে বলেছিলাম, যে বিনা নিমন্ত্রণে পিত্রালয়ে যেও না। সেই পামর সৃশংস রাক্ষম শিবযজ্ঞে ব্রতী হয়েছে, দে আমাদের মান কোন মতেই রক্ষা করবে না। প্রিয়ে! আমি যা মনে করেছিলাম, আমার অদৃষ্টে তাই ঘটলো। সতি! তে;মার অসহ্য বিরহ-যাতনা আর আমি সহ্য করতে পারিনে। (প্রকাশে) নন্দি! তুমি প্র দেবদারু-তরুমূলে উপবেশন কর। আমি সেই সতীর মোহিনী মৃত্তি—পাবিত্র মৃত্তি হৃদয়ে ধারণ করে এই খানে বদে ধ্যান করি। (মহাদেব ধ্যানোপবিষ্ট ও নন্দীর রক্ষমূলে উপবেশন।)

অদূরে উমা জয়া ও বিজয়ার প্রবেশ।

জয়া। সথি! আজ উপবশের কি পরম রমণীয় শোভাই হয়েছে, কুম্রন সকল প্রক্ষাতি হয়ে বনপাদপ ওলি কেনন অপূর্বব শীধারণ করেছে? স্থি! ঐ সরোবর পানে

চেয়ে 'দেখ, প্রফুল কমলগুলি কেমন মৃত্ নন্দ সমীরণে দোছল্যমান বোধ হচেচ, যেন প্রাণপতি ভগবান আংশুমালীকে বলচে, যে আজ আর তুমি অস্তাচলে গমন
করোনা।

বিজয়া। ঠিক বলেচ স্থি । পদ্মগুলি মস্তক নেড়ে ভগ-বান সুয়া দেবকে যেন তাই বলচে।

জয়া। এদ স্থি। ভগবান ভবানীপতি মহাদেবের পূজার জন্য পূজ্পচয়ন করি।

উসা। হাঁ স্থি^ন চল, ভগবান কৈলাসনাথ যাতে সন্তুষ্ট হবেন, সেইতো আমাদের প্রিয়কার্যা।

কালেংড়া—একতালা।

চল না চল না নবি কুমুম কাননে।

ন গীন চুরু। চুলি খনোগাঁটে। গাজাইব সই ! কৈলাগনাথ তিলোচনে ॥ গাঁথিব হার ভুলি নান। ফ্ল,

শেভা হবে গো অতুল,

खुड़ाव यांथि खुड़ाव मत्न।

জয়া। স্থি! তবে চল, এই কুস্থম-সম্ভার লয়ে ভগ-বান কৈলাদনাথের পূজা করি গে।

উমা। হাঁ দখি চল। (সকলের গমন ও সম্মুখে মহা-দেবকে দেখিয়া) এই যে, দখি! ভগবান কৈলাসনাথ বদ্ধে আছেন। দখি! ভগবান মহাদেবের কি মনোহর রূপ, হিমালয় পর্বতে রদায়ন মার্জিত যেন রজত গিরি ধ্যানো-পোবিষ্ট। দখি! এত দিনে আমার মনোবাদনা পূর্ণ হলো।

জয়। मिथ ! তোমার মনোবাদনা পুর্ণ হলে। বটে, কিন্তু

আমাদের মনোবাসনা এখনো পূর্ণ হয়নি। ভূমি আমাদের স্বর্ণতা, ভূমি যথন এই রজভগিরিকে বেইটন করবে, তখন আমাদের মনোবাসনা পূর্ণ হবে।

নন্দী। (স্বগত) এই যে জননী এসেছেন; আর কি থাকতে পারেন? আমি যেন কিছুই জানিনে;— এই সময় একটু রঙ্গ করা যাক, (প্রকাশে) আরে.মলো! এতিনটে ছুঁড়ী কোথা থেকে প্রভুর তপদ্যার বিল্প করতে এলো; কে তোমরা গো! এখানে মরতে এসেছ, তোমাদের কি প্রাণের ভয় নাই?

বিজয়া! নন্দি! আমরা এই পর্বতবাসিনী।

নন্দী। (স্বগত) বিজয়া দেখছি চিন্তে পেরেছে। (প্রকাশে) তোমরা পর্বতিবাদিনী হও আর বেই হও, শীত্র এখান থেকে প্রস্থান কর, তপস্যার বিস্নহলে প্রভুর কোপা-নলে এখনি ভস্ম হবে, যদি সহজে না যাও, এই ত্রিশূল দেখছ!—

উমা। নন্দি! কেন জ্বালাতন করিস; আজ আনেক দিনের পর ভগবান দেবাদিদেবের সাক্ষাৎ পেয়েচি, কেন পুজার বিশ্ব করিস?

নন্দী। (স্বগত) মাও চিন্তে পেরেছেন; (লজ্জিত ও শশব্যস্ত হইয়া প্রকাশে) মা! যান, তবে পূজা করুন গে। মা! আমিও আজ অনেক দিনের পর আপনার পাদপদ্ম দর্শন করলেম। এমন আশা ছিল না যে, আর আপনার পাদপদ্ম দর্শন করব।

(উমা, জয়া, বিজয়া অগ্রসর হইয়া মহাদেবকৈ পুজা প্রদান ও সকলের সমস্বরে)

বেহাগ।

"হর হর শক্ষর হে ক্রিপুরারে। হে করুণাময় হর মদভারে ॥ সর্বাপ্তভঙ্কর দুক্তিদারী। সর্বাবিমোহন ভব ভয়হারী॥ ভক্তিমুধারসমিদ্ধবিলাসী। ক্ষাতনয়াপতি প্রেমপ্রয়াসী॥ ক্ষাপতি মাপতি মুক্তিবিধাতা। সাধুক্সনে নিজ ভক্তিপ্রদাতা॥"

(পুষ্প প্রদান।)

(वर्शा ।

"त्रप्र (भवक्त्रञ्जन, निङ)नित्रञ्जन, मानव्राञ्जन,

ভক্তনিধে।

জর দুর্জ্ঞনশাসক, দুক্তিনাশক, বিশ্ববিকাশক,

विश्वविद्ध ॥

জর সুরারি-নাশন, বৃশেষ-বাহন তুজল-ভূষণ,

সভীপতে 🛚

জয় বিধাণবাদক, বিধাজ্ঞ-কণ্ঠক, ছত্তাশ ভালক,

मीनभ**्ड ॥** "

অনতিদূরে মদন, বসন্ত ও রতির প্রবেশ।

উমা। দখি! একি, দহদা দিগুলয় কেন উদ্ভাষিত ? সহদা মৃত্যু মন্দ মলয় সমীরণ কেন প্রবাহিত ? দখি! ঐ শুন, কোকিলের কুন্তু-রবে কানন-ভূমি পরিপূরিত হলো। স্থি একি! সহসা সভাবের এত পরিবর্ত্তন, এতো কথনই সম্ভবে না? স্থি! ভ্রমরের স্থুমধুর গুণ গুণ স্থরে হৃদয়তন্ত্রী বেজে উঠলো।—সই সঙ্গে সদস্য বেন তালে তালে নৃত্য কর্তে উদ্যত ৷ স্থি এমন কেন হলো, হেমন্ত সময়ে বসন্তের প্রান্ত্রাব তো কথনই হয় না।

वमस्य वाहात--यए।

অকালে আজি কি সখি হইল বসন্তে: দয়।
হাদর ভাদিল সুখে হাদিল গো দিক্চর ॥
শুদ্ধ ভক্ন মঞ্জনিল, আলকুল গুণ্ণ নিল,
গাইল পঞ্চম ভানে, কল-কোকিল নিচর।
উঠিল মল্যানিল, বাসন্তী ফুল ফুটিল,
সংযোগী জনের আজি সুখে ন: চিল হাদর।

মদন। স্থা বসন্ত ! একবার কানন পানে চেয়ে দেখ, এমন রূপলাবণ্যসম্পন্না রমণীরত্ব কি কোথাও দেখেছ ? দেবাদিদেব মহাদেবকে হিমালয়ে সমাগত দেখে, বোধ হয়, হিমালয়ের অধিষ্ঠাত্রী দেবী মোহিনী মূর্ত্তি ধারণ করে, তাঁর আরাধনা কচ্চেন। আহা ! এমন রূপতো কোথাও দেখিনে ? বোধ হয়, বিধাতা নির্দ্ধনে বসে পৃথিবীর সমুদ্য় উপমান সংগ্রহ করে এই রমণীরত্বকে স্থি করেচেন।

বদ। দখা ! দূরতা প্রযুক্ত যদিও স্পাই জানা যাচে না বটে, কিন্তু আমার বোধ হয়, ঐ রমণীরত্ব গিরিরাজ-নন্দিনী পার্বতী,তার আর কোন সন্দেহ মাই। (রতির প্রতি) স্থি। ভূমি তো দখী-দঙ্গে দ্ব্দাই হিমালয়ে বন্ধিহার কত্তে এনে থাক, দেখ দেখি, এই রমণারত্ন, এই পর্বত কুজ্ম কিনা?

রতি। স্থা! তার আর সন্দেহ কি [?] ইনিই সেই শৈল-বালা উমা, স্থী সঙ্গে শিবারাধনা কচ্চেন।

বদন্ত। স্থা! ইনিই হিমালয় পর্বতের প্রফুল্ল কণক-পদ্ম; আহা! কি অমুপম রূপ লাবণ্য। বেন শত সহজ্ঞ শরচচন্দ্রমা গগণ-জন্ত হয়ে, দেবদারু বনে সমুদিত। আহা!
- গিরিবালার কি কমনীয় কান্তি,—কি প্রশান্ত মূর্ত্তি,—কি
বিশাল বক্ষঃস্থল;—কি নির্মাল বদন মণ্ডল! দেখলে সহসা
বোধ হয়, যেন ভক্তিদেবী পবিত্র মূর্ত্তি ধারণ করে অনাথনাথের পূজা করচেন।

মদন। স্থা ! এই কি দেই স্থ্বর্ণলতিকা উমা, তবে আর কু ! আমাদের উদ্দেশ্য আজ নির্বিত্বে সাধিত হবে। এই মোহিনী মূর্ত্তি উমার মোহনরূপে আজ অনাথনাথের মনোমোহন ক্রব, আর অধিক ক্লেশ স্বীকার কতে হবে না।

র্তি। নাধ! তবে আর বিলম্বে প্রয়োজন কি? এই . উপযুক্ত সময়, এই সময় হরের ধ্যান ভঙ্গ কর।

মদন। দ্বা! ভূমি একটু আমার দহায় হও। (মহাদে-বের প্রতি মদনের বাণ নিক্ষেপ ও হরের ধ্যানভঙ্গ।)

সহাদেব। (সহস। নয়নোমীলন করিয়া) কে রে অস-ময়ে আমার ধ্যানভঙ্গ কলি! (সম্মুখে মদনকে দেখিয়া।) রে ভূমতি পিণাচ মদন! তোঁর এই কাজ, ভূই যেমন অস-ময়ে আমার ধ্যানভঙ্গ কলি, এই তার সমূচিত ফল্ডুক্লাক

M-296 Acc 22666 2012026 কর। (মহাদেরের জিনরন হইতে ক্রোধানল বেগে মদনের প্রতি ধাবমান।)

মদন। সাধা বদন্ত ! প্রাণপ্রিয়ে রতি । জুলে মলেম. পুড়ে মলেম, আর সহ্য কতে পারিনে। হায় কি হলো (বেগে প্রস্থান ও ভাষা।)

রতি। হায় কি হলো! হা নাথ! তুমি কোথায় গোলে ! তুমি হরকোপানলে ভশ্ম হলে ! হা নাথ! (ভূতলে পতিত ও মুহুর্ম।)

্ মহাদেব। (গাত্রোখান করিয়া) নন্দি! ছর্বিনীত পিশাচ মদন সমূচিত ফল প্রাপ্ত হয়েচে, এখন চল, এ পাপ কাননে আর থাকিবার প্রয়োজন নাই।

নিদ। যে আজা প্রভু! চলুন।

[नम्नीटक लरेग्ना भशास्त्रतत्र श्रन्थान । 🗔

उमा। मिथ! यि एनवा निष्नि किला मनाथ मनन जम्म करत, जा मार पति जा गि करत हिल शिलन, उर जा मार पति अथारन थो कवात जात कि श्री शांकन ! हल, जा मतां छ वना-खरत शिरा उपियनी रिवा उपिया कितिशा। किला मे पिछ यि प्र जा मार पति जा गि कर्मिन, उरव ध मरना इत वमन प्रमान, तम-गीय तां किनिक्जन, ध हात नवीन शोवरन जात श्री शांकन कि ! हल उपियनी रिवा की वर्णन कर्मिन वांशन क्रिशा।

•জয়। প্রিয়দখি! তা আর একবার করে? যেমন জগতের আনন্দদায়ক পূর্ণচন্দ্র উদয় না হলে প্রফুল কুমু-দিনী শোভা পায় না,—যেমন প্রফুল অমল কমল অলি-চুম্বিত না হলে, কথনই অপূর্ব্ব শ্রীধারণ করে না,—তদ্রপ ভোষার অনুপম রূপলাবণ্য, মনোহর নবীন যৌবন, সেই ত্রিলোক-নাথ আশুতোবের অনুগ্রহ লাভ না করতে পারলে কথনই শোভা পাবে না। চল স্থি! বনান্তরে গিয়ে, ভগবান আশুতোবের আরাধন। করি।

জিয়া বিজয়াকে লইয়া উমার প্রস্থান।
রিতি। (গাত্রোথান করিয়া) হা নাথ! হা জীবিতেশ্বর! চিরদাসীকে অনাথিনী করে কোথায় গেলে! নাথ!
তুমি কি হরকোপানলে ভন্ম হয়েচো, না, বোধ হয়, আমার
প্রণয়-পরীকা করবার জন্যে বনাগুরালে আজ্যোপন করেচ।
নাথ! আর কেন. যথেট হয়েচে। চিরদাসীকে একবার

(मथा मांड।

লুম ঝিঝিট—আড়া ঠেকা।
কোগা গেলে নাগ এ চিনদাসীরে রাখিয়ে এই বিজন কাননে।
কি দোব পাইয়ে মম, ওহে প্রিয়তম,
দহন করিছ দেহ বিরহ দহনে॥
এ দাসীর মুখ চাও, নাথ দেখা দাও,
তব অদর্শন আর সহে না কীবনে।
প্রিল দেবের অংশ, মম সর্ব্বনাশ,
বিধবা করিল বিধি, অধিনী জনে।

(সরোদনে) হা নাথ! হা হৃদয়বল্লভ! চির্দাসীকে পরিত্যাগ করে কোথায় গেলে! তোমার অসহ্য বিরহ-বেদনা আর সূহ্য হয় না। দেবরাজ। হরেরধ্যান ভঙ্গ ইয়েচে, আজ অৰ্থি তোমরা হথের সাগরে ভাসতে থাক, কেবল ভিন্ন-ছঃখিনী রতি চির্ম বৈধব্য যন্ত্রণা দহা করুক। হা
খিধাত! তোমার মনে কি এই ছিব। আমার বিসক্ষণ বোধ
হচ্চে, তুমি স্প্রিকর্তা বিধি নও, স্প্রিকর্তা বিধি হলে
এমন অবিধি কখনই হতো না, যে বিধি পক্কজ-মৃণালে
কণ্টক স্প্রি করেচেন, যে বিধি জগতের আনন্দবর্দ্ধ ন পূর্ণচন্দ্রকে রাজ্র আহার করেচেন, যে বিধি স্লাদ্য পলাষ
ক্ষমকে গন্ধহীন করেচেন, সেই বিধিই আমার অদৃষ্টে
এই বৈধব্যযন্ত্রণা লিখেচেন তার আর সন্দেহ কি? স্থা
বদন্ত! আর দেখচো কি, আমার স্ব্রনাশ হয়েচে।

পাহাড়ি—আড়া ঠেকা।

তুমি হে স্মনের-সধা বিনিত তুবন।

তুরায় করিয়ে দেহ চিতার রচন।

চিতায় প্রবেশ করি, পাপ দেহ পরিহরি,

আর কার তরে ধরি, এছার জীবন।

হারায়ে প্রাণের পতি, বাঁচিয়ে রহিল রতি,

একথা আ্যার প্রাণে সবে না ক্ধন।

নাথ! চিরদাসীকে পরিত্যাগ করে কোথায় গেলে, হাদয়-বল্লভ! তোমার কুত্বমলাণ আর ফুলমর শরাসন ধুলায় ধূদরিত হচ্চে, তোমা বিনা এই ধকুর্দ্ধারণের যোগ্য ব্যক্তি ত্রিলোকে আর কেহই নাই। নাথ! একবার এদে কুলময় ধমুর্দ্ধারণ করে, বিলাসী জনের আনন্দ বদ্ধান কর্প প্রাণেশর! তোমার অভাবে মালকে কুত্বমরাশি স্থাধুর হাসি পরিত্যাগ করেচে, মনোত্বংখে কোফিলকুল নীরব হরেচে, ভ্রমর ভ্রমরী ও গুণগুণ রব পরিত্যাগ করেচে, তোমার সদৃশ প্রিয়সথা হারা হয়ে সথা বসস্ত বিষাদ-সাগরে নিম্ম হয়েচে, নাথ! তুমিই বিলাদী জনের প্রাণ, তুমিই বিলাদী জনের স্থ-বদ্ধনি। সথা! একবার দেখা দাও। ধুলার্ম ধুসরিত ফুলময় ধনু একবার ধারণ কর, দেখে সকলের তাপিত প্রাণ শীতল হোক।

বি বৈট—আড়া।

কোধা হে ছদয়নাথ দুখিনী কাঁদে কাননে।
ক্রিভুবন শূন্যময় হেরি তব অদর্শনে।
বলিতেহে রসরায়, এক প্রাণ এক কায়,
কাঁচিয়ে রহিনু আমি, তুমি দহিলে দহনে।
এস নাথ দেখা দাও, তাপিত প্রাণ জুড়াও,
নহে সঙ্গে করি লহ, সখা হে অধিনী জনে।

স্থা বদন্ত! আর বিলম্ব করো না, সত্বরে চিতা সজ্জা করে দাও, আর এ পাপ প্রাণ রাথবার আবশ্যক নাই; লোকে বলবে, মদনের মৃত্যুর পর রতি একদণ্ড প্রাণে বেচে-ছিল, একথা আমার কথনই সহ্য হবে না

বসন্ত। সথি! শান্ত হও, ধৈর্য্য-ডোরে হৃদয় বন্ধন কর, আমার একান্ত বিশ্বাস হচ্চে, স্থা পূনর্বার জীবন প্রাপ্ত হবেন।

রতি। (নয়ন জল মার্জ্জনা করিয়া) সখা। মৃত্যু হলে পুনর্ব্বার জীবন প্রাপ্ত হয়, একথা কে বিশ্বাস করবে? রতির প্রতি, দৈববাণী।
শুন সুলোচনে।
কেদমা কেঁদমা আর যাও নিকেতনে॥
ওগো রতি গুণুবতি, যথন দে পশুপতি,
লভিবেন পার্মতী-রতনে।
তথন প্রাণেশ তব বাঁচিবে জীবনে॥

वमस्र। मिथ ! देनववानी अन्यतन, आत এখানে विलाभ कत्रवात आवभाक नारे, ठल आनरा यारे।

রতি। সথা কোন্ প্রাণে কেমন করে শূন্য হৃদয়ে হৃদয়-নাথকে হারায়ে গৃহে যাব, তবে দৈববাণী আর তোমার অমুরোধ, চল স্থা যাই চল।

[রতি দেবীকে লইয়া বদন্তের প্রস্থান।

ত্তীয় অঙ্ক।

প্রথম দৃশ্য।

হিমালয়-অপ্সর-কানন।

তপদ্বিনী-বেশে উমা, জয়া ও বিজয়ার প্রবেশ।

উমা। সথি। এই অপ্দর-কাননটিই তপদ্যা করবার উপযুক্ত স্থান। স্থানটি অতি রমনীয়, পিতার মুখে শুনেচি, স্থারবালাগণ এই স্থানে সর্বাদ। বনবিহার করেন, অদুরে স্থার্থনী-তীরে ভগবান আঙ্গীরস মুনির আশ্রম। এখানে ঋতু-পতি বদন্তের প্রান্ত্রভাব নাই,—নদনের কুস্থমশরের ভয় নাই, এই স্থানটি অতি পবিত্র ও শান্তীরসাশ্রিত। কাননের চতু-দিকে অবলোকন করলে বিলক্ষণ বোধ হয়, যেন শান্তী--দেবী মূর্ত্তিমতি হয়ে বিরাজ করচেন। স্থি। আর অধিক দূর যাবার আবশ্যক নাই, এই পবিত্র কাননে বদে ভগবান অনাথনাথের তপদ্যা করি। দেখি, কৈলাদনাথ আমার প্রতি পরিভুক্ট হন কি না।

বিজয়া। সে কি স্থি! কেন তুমি আত্মবিশ্বৃত হচ্চ ?
স্থি! তুমি যদি কমল নয়ন মুদিত করে তাঁর ধ্যান কর,
তা হলে সেই ভগবান কৈলাদনাথ আশুতোষ কতক্ষণ
স্থির হয়ে থাকতে পারবেন, অবিলম্বে তোমাকে দর্শন দিতে
হবে।

জয়। স্থি! তার আর সন্দেহ কি? প্রিয়স্থি? দেই দক্ষ যজ্ঞের কথা একবার মনে কর দেখি, যখন পাপ- দক্ষের মুখে শিবনিন্দা শুনে, ভূমি প্রাণত্যাগ কলে, তথন ভূগবান কৈলাদপতি ভোষার সেই মৃতদেহ মস্তকে করে, ত্রিলোক ভ্রমণ করেছিলেন। তোমার বিরহানলে একাস্ত দগ্ধ হয়ে সুখধাম কৈলাদপুরী পরিত্যাগ করে কাননে কাননে ভ্রমণ কচ্চেন ৷ স্থি! ভূমি রাজনন্দিনী হয়ে, তপস্বিনী বেশে, কাননে এসে যখন ভাঁর তপদ্যায় প্রস্তুত্ত হয়েচ, তখন কি তিনি এক মুহুর্ত্তও স্থির হয়ে থাকতে পারবেন? তা হলে যে ভাঁর আশুলোষ নামে কলঙ্ক হবে। স্থি! আর বিলম্বে প্রয়োজন নাই, এসো আমরা নয়ন মুদ্রিত করে ভাঁর স্থারাধনা করি।

যোগিয়া।

প্রভূমীশ মনীশমশেব গুণং,
গুণহীন মহীশ গলা ভরণং।
রণ নির্জিত দুর্জ্ম দৈতাপুরং,
প্রণমামি শিবং শিবকপ্সতক্ষং।
প্রস্তী-তনয়ান্বিত বামতনুং,
তনুনিন্দিত রাজিত কোটি বিধুং।
বিধি বিক্ন মুসেবিত পাদযুগং।
প্রণমামি শিবং শিবকল্পতক্ষং।
সোগীবেশে মহাদেবের প্রবেশ।

ভৈরব—একতালা।
কৃষ্ণ কেশব, রাম রাঘব,
ভারম দীন জনে।
ভকত আশ্রম, পবিত্র প্রণম,
বিতর জীব-জীবনে।

ক্ষীরোদ-সাগর-সলিল-শায়িত, ক্ষীরোদকুমারী-শ্রীপদ-সেবিড, অস্তর-মমর-কিন্নর-মার্চিড, প্রণমি তব চরণে ॥

মহাদেব। (স্বগন্ত) এই যে, আমার জীবিতেশ্বরী
স্থীসঙ্গে তপস্থিনী বেশে, আমারই আরাধনা করচেন।
আহা! তপস্থিনী বেশে আজ গিরিরাজনন্দিনীর কি রমণীয়
লগভাই হয়েচে। যেন শান্তিরসাঞ্জিত আশ্রমের অধিষ্ঠাত্তী
দেবী মূর্ত্তিমতী হয়ে,স্থী সঙ্গে কমল নয়ন মুদ্রিত করে ধ্যানে
নিমগ্র হয়ে রয়েচেন। যা হোক, এই সময়ে একবার নিকটে
বিয়তে হলো (নিকটে আগমন পূর্ব্বক।) তোমরা এমন নবীন
বয়সে তপস্বিনীবেশে এ নিবিভ কাননে কে,গা।

্_ু ৰিজয়া। যোগীরাজ ! আমরা এই কাননবাসিনী তপ-স্বিনী ৷

মহাদেব। না না না! তোমাদের বেশ-বিন্যাস দেখে তৃপস্থিনী বলে প্রতীয়মান হচ্চে বটে, কিন্তু রূপ-লাবণ্য দেখে বিলক্ষণ বোধ হচ্চে যে, তোমরা কোন সম্ভান্ত কুল কামিনী (উমাকে নির্দেশ করিয়া) এই রূপলাবণ্য সম্পন্মা রুমণীরত্নটী যে রাজকুল-সম্ভূত তার আর সন্দেহ নাই।

জয়া। যোগীরাজ! আপনি যাভেবেচেন তা যথার্থ বটে, ইনি রাজকুল সম্ভুত, আর আমরা ওঁর প্রিয়সখী।

মহাদেব। য়৾গা, ইনি রাজনন্দিনী। শুভে ! তুমি রাজ-নন্দিনি হয়ে এমন তপস্থিনী-বেশে কাননে কেন ?

টোরি—ঝাঁপতাল।

হে মৃগাক্ষি নিবিড়, ধনবাগিনি, ধরকামিনি।
রাজ ভূষণ পরিহরি কেন ২ক্ষনধারিণি।
নবীন জীবনে, এঘোর কাননে, তপদ্মিনী বেশে কার ভাবিনী।
প্রাণনাথ কেন তব নিদয় হে বরাননে,
বিসর্জ্জিল এহেন রতন ঘোর গহনে।
যাও হে পতিপাশে প্রেমাবেশে বিনোদিনি,
কেন মুধামুখি বিষাদিনি।

মহাদেব। না না স্থারি । ওকথা তোমাকে বলা হলো না । কুমারীর সমুদয় লক্ষণ তোমার অঙ্গে শোভা পাচ্চে, যা হোক এ নবীন বয়সে কাননে এসে কার তপদ্যা কচ্চো ?

উমা। যোগীবর! আমরা অনাথনাথ কৈলাসনাথের তপস্যা কচ্চি।

মহাদেব। য়ঁটা,তোমরা মহাদেবের তপদ্যাকচ্চো,হা হা হা ! স্থানির। ত্রিম কি মানদে মহাদেবের তপদ্যায় প্রবৃত্ত হয়েচ ? তাঁর আরাধনা করে কি হবে ? ধনের আশায়, যদি তাঁর তপদ্যায় প্রবৃত্ত হয়ে থাক, তাহলে অন্যায় কার্য্য করেচো। কারণ, তুমি রাজাধিরাজনন্দিনী, ধনের অভাব তোমার কিছুইতো দেখতে পাচ্চিনে, শিব নির্ধন, তাঁর নিকটে ধনের প্রত্যাশা আর হস্তপ্রদারণ করে গগনের চাঁদ ধরা এ ছুই দ্যান। শুভে । যদি বল যে, ত্রিবর্গের আশয়ে তাঁর আরাধনা কচ্চি, এ কথায় আর হাদি রাখতে পারিনে, ত্রিবর্গ দেবার তাঁর ক্ষমতা কি। তিনি ক্ষপা দিগম্বর,

শশানে বেড়ান, হাড়ের মালা পরেন, তাঁর কাছে ত্রিবর্গের আশা বিড়ম্বনা মাত্র।

উমা। না না, যোগিবর! ও সব প্রার্থনা আমাদের কিছুই নাই, শুনেছি আশুতোষ ভক্ত বংসল, তাই পতি আশে তাঁর আরাধনা কচিচ।

মহাদেব। য়ঁগ্র, কি বল্লে সেই ভিথারীকে পতি আশা করে তাঁর তপদ্যা কচ্চ ? ছি ! ছি ! ছি ! স্থলরি ! তুমি অমন কথা আর বলো না, তোমা দদুশ এমন স্থলরী নারী কি সেই ভিক্ষারীকেশোভা পায় ? ভাল স্থবদনে ৷ একটা কথা তোমাকে জिछाना कति, তোমার কমনীয় কলেবর সর্বদাই চলনে চর্চ্চিত,মহাদেবের অঙ্গ ভম্মে আরত,রাজনন্দিনি ! তুমি সর্বাদা স্তুশোভন মণি-মন্দিরে বাস কর; তুমি কেমন করে শিবের ্রুঙ্গে সর্বাদা শশানে ভ্রমণ করবে ? বিধুমুখি ! তুমি স্থশোভন বসন ভূষণে বিভূষিত, মণিময়-হারে পরিশোভিত; কিন্তু দেই দিগন্দর ফণি ভূষণ আর হাড়ের মালায় ভূষিত। শশিমুখি! তবে কেমন করে তাঁর অঙ্গলক্ষী হতে চাচ্চো? স্থলরি! যদি বল যে তাঁর কৌলিন্য আর রূপ গুণ দেখে বিমোহিত হয়েচ, শুভে যার পিতা মাতার ঠিক নাই, তার কুল-মর্ব্যাদা কোথায়, রূপের কথা আর কি বলবো, অমর-কুলে অমন কুরূপ আর কেহই নাই, তাঁর গুণের কথায় আর কাজ কি, ত্রিজগতে তাঁকে সকলেই নিগুণ বলে থাকে। গুণের মধ্যে কেবল দিদ্ধি থেতে নিপূণ। অতএব স্থন্দরি ! পতি আশা করে আর তাঁর তপদ্যা করো না।

উমা। যোগিবর তুমি সাবধান হও, যথন তুমি দেবা-

मिरमय श्रमाथनारभव निम्म। करका, उथन त्यां इसं, राजांभां सं त्यांगिमक इस नाहे, महारमंत्र त्य कि श्रमार्थ, अथरना जूमि स्नानट्ड श्रात नाहे। मथि! ७७ त्यांगीरक मार्यान कत, श्रात त्यन श्रिनिन्म। ना करते।

বিভাষ—জৎ |

সধি নিবারণ কর ভণ্ড যে.গীবরে।
আর যেন মহেশের নিন্দা নাহি করে।
অক্টর অমর হর, বাপ্ত তিন চরাচর
ব্যার পদ নিরস্তর যোগী হুদে ধরে।
বিনি ত্রিলোকের পতি, যিনি অগতির গতি,
ব্যার শিরে শ্রোভন্মতী করেন বিরাজ ঃ——
ভীর পদ আশা করি, বিরিধি বাসব হরি,

অবিরত খ্যানে, মগ্র অবুরাগ ভারে ৷

উমা। দখি! যোগিবরকে বারণ কর, ঐ দেখা যোগীর ওষ্ঠদ্বর শিবনিন্দা করবার জন্যে আবার কম্পিত হচেতে। যোগীবর! তুমি আগে দক্ষ যজ্ঞের ঘটনাটি মনে কর, তার পর শিবনিন্দা করো। যোগী! তুমি তাঁকে নিশুণ বল্লে, এ কথাতো মিখ্যা নয়, নিশুণ বলে তাঁকে চারি বেদে বর্ণনা করে থাকে। যোগী! তুমি তাঁকে ক্রপ কেমন করে বল্লে। তাঁর সমান দ্ধপবান এ জগতে আর কে আছে? কৈলাসনাথ যদিও শাশানচারী, কিন্তু ত্রিলোকের আরাধ্য। অতুএব তুমি সাবধান হও, শিবনিন্দা আর করোন।

> ললিত—আড়া ঠেকা। কেন শিবনিন্দা কর শুন গুহে যোগীবর। এখনো কি জান নাই কি ধন সে শারহর।

সাগর মন্থন হলে, পৃথী প্রিম গরলে,
সেই বিষ পান করি, বাঁচালেন চরাচর।
মির্ছাণ বলিলে যাঁরে, নির্ছাণ বলিয়ে তাঁরে,
চারি বেদে ব্যক্ত করে ওছে যোগীবর—
যোগীহে বলি ভোমারে, যাও যোগ শিখিবারে,
পর্যাত-কল্পরে যথা আছে, ভাপাদ-নিকর।

উনা। স্থি! বেখানে শিবনিন্দা হয়, সে স্থান পরিত্যাগ করাই উচিত। স্থি! চল শিবদ্বেন্টা ভণ্ডযোগীর
নিকটে আর থাকবার আবশ্যক নাই। প্রিয়স্থি! তুমিতো
জান, শিবনিন্দা শুনে একবার দক্ষালয়ে প্রাণত্যাগ করে
হিমালরে জন্মগ্রহণ করেচি, সেই হিমালয়ে আবার শিবনিন্দা। কুর্গুমি বধির হও, আর যেন শিবনিন্দানা শুনতে
হয়। নয়ন তুমি অন্ধ হও, আর যেন, শিবদ্বেন্টা পাপযোগীর
সূথদর্শন করতে না হয়। চল স্থি! আমরা বনাশ্তরে
গ্রমন করি।

জয়। ই। সথি! চলো, এ পাপ কানন পরিত্যাগ করে অন্য কাননে যাই।

বিজয়া। স্থি! শীত্র চল; এ শিবদ্বেষ্টা যোগীর মুখদর্শন আর আমরা করব না।

মহাদেব। (উসাকে গমনোদ্যত দেখিয়া নিজ বেশ ধারণ পূর্বক) প্রিয়ে! নিদয়ার ন্যায়—নিষ্ঠুরার ন্যায়—ভোমার চিরদাদকে পরিত্যাগ করে কোথায় যাওং বিধুমুখি! তোমার অসহ্য বিরহানল আর সহ্য হয় না। প্রিয়ে! তোমার মৃতদেহ মস্তকে করে ত্রিলোক ভ্রমণ করেচি, কভ যাতনা সহ্য করেচি—তা এক মুখে বলতে পারিনে।

প্রিয়ে! বিনয় করি, ভোমার করে ধরি, আর আমাকে পরিত্যাগ করে যেও না।

ললিত—পঞ্চমসোয়ারি।
গিরীক্স-বালিকা আর তাজ না অধীন জনে।
জ্বলিয়াছি বিধিমতে তব বিরহ-দহনে।
তব মৃত দেহ শিরে, লয়ে প্রিয়ে স্বতনে।
কেনে কেনে অহরহ, ভ্রমিয়াছি ত্রিস্থানে।
তাজেছি কৈলাস ধাম, তব শোকে বরাননে।
করেছি আবাস স্থাম নিবিড় বিজন বনে।

উমা। (জনান্তিকে জয়া বিজয়ার প্রতি) স্থি! একি, শেবাদিদেব কি আমাদের মন বোঝবার জন্যে যোগীবেশে এসেছেন, (সকলে দণ্ডবৎ প্রণাম করিয়া)।

যোগিয়া।

"— জয় শিবেশ শকর, রব ধ্রেশর

মৃগাঙ্ক শেখর দিগমর।

জয় ত্রিলোককারক, ত্রিলোকপালক,

ত্রিলোককারক, ত্রিলোকপালক,

ত্রিলোককারক, ত্রিনেত্র ধারক,

থলাক্ষকান্তক হতশার।

জয় কুডাল কেশন, কুবের বান্ধন,

ভবাক্ত ভৈরব পারাৎপার।

জয় কুডার মণ্ডিত, করন্ধ রন্ধিত,

বরাভয়াগ্রিত, চতুক্ষর।

জয় সরোক্ষংশ্রিত, বিধি-প্রতিন্ধিত,

পুরন্দরাচ্চিত, পুরন্দর। "

মহাদেব। প্রিয়ে আর কেন, প্রসন্না হও, এই নির্জ্জন প্রদেশে এখানে আর কেউ নাই, এই সময় বর্মাল্য প্রদান কর। প্রিয়ে! কৈলাদে চল; তোমার অভাবে স্থথমর কৈলাদ অস্ককারে আচ্ছর হয়ে আছে। বিধুমুখি! তোমা বিহনে দাধের কৈলাদ শ্রীভ্রম্ট হয়েছে, কৈলাদের আর দে শোভা নাই। প্রিয়ে চল, এখানে আর থাকবার আবশ্যক নাই।

উমা। সখি! এ কেমন কথা, আমি পরাধিনী, কেমন করে ওঁর সঙ্গে সহসা কৈলাদে যাব, আর কেমন করেই বা . ওঁর গলায় বর্মাল্য দেব।

ভৈরবী—আড়াথেমটা।

বল সই মহেশে মিনতি আমার । কেমনে গলায় দিব প্রণয়ের হার।

ৈ উনি ত্রিলোকের স্বামী, নারী পরাধিনী আমি, হইব স্বেচ্ছাচারিণী, একি বাবহার।

গহন কানন মাঝে, বল স্থি কোন লাজে,

বরণ করিব বরে অক্সাতে পিডার—

মথি পুর্বাদী সবে, কত ছলে কত কবে, জীবনে নাহিক সবে, অবলা বালার।

স্থি! কৈলাদনাথকে বল; জনক জননীর অনুমৃতি বিনে সহশা আত্ম সমর্পন করতে পারিনে।

মহাদেব। প্রিয়ে তার জন্যে এত চিন্তা কেন ? পূর্ব্বে নারদ কর্ত্বক বিবাহের সম্বন্ধ এক প্রকার স্থির হয়েচে, তবে তোমার অমুরোধে আমি পূনব্বার নারদকে তোমার পিতার নিকটে এই দণ্ডেই প্রেরণ করচি। প্রাণেশ্বরি! স্পামি ত্রেখন চল্লেম, ভুমি দখা দঙ্গে নিজালয়ে গমন কর।

িমহাদেবের প্রস্থান।

উমা। স্থি! তবে চল ভবনে যাই, এথানে থাকবার স্থার প্রয়োজন কি ?

জয়। হাদ্থ! চল।

সিকলের প্রস্থান।

তৃতীয় অঙ্ক।

দ্বিতীয় দৃশ্য।

গিরিরাজের অন্তপুর।

গিরিরাজ ও মেনকার প্রবেশ।

নেন। হছ রাজ! এজগতে পাষাণ অপেক্ষা যদি কোন কঠিন পদার্থ থাকে, তাহলে আমি মুক্ত কণ্ঠে বলচি তুমিই সেই পদার্থ। নতুবা এমন কঠিন প্রাণ কার আছে; যে উমার ন্যায় কুস্থম-স্তকুমারী সরলা বালার হৃদয় বিদীর্ণকারী তপস্বিনী বেশ দেখতে পারে। নাথ! এমন জনক জনদী কে আছে, যে, প্রাণের তনয়াকে, তপস্বিনী বেশে, ভিক্ষারিণীবেশে, কাননে কাননে ভ্রমণ করতে দেয়! (স্করোদনে) নাথ! এ ভোমার দোষ নয় আমার কপালের দোষ। হায়! কি পরিতাপ! আমরা হৃথ সূচ্ছদে মণিময় ভুয়ণে বিভূষিত হয়ে মনিমন্দিরে বাদ করচি, আমার সোণার প্রতিমা উমা, তপস্থিনী বৈশে মৃণিব্রত অবলম্বন করে কাননে
কাননে ভ্রমণ করচে। আমরা পরম স্থাব্দ, স্থাদেব্য
নানাবিধ স্থাদ্য ভক্ষণ করচি, আর আমার প্রাণের পুত্রলি
উমা বনের ক্ষায় ফল, উত্তপ্ত গিরিনদীর জল পান করে
জীবন ধারণ করচে। মহারাজ! এহংখ রাখবার আর কি
স্থান আছে?

তৈরবী—আড়থেমটা।

গিরিরাজ, করি আজ, তোমারে মিনতি।

স্বরায় আনিয়ে দেহ উমা গুণ্নতী।

আহা আহা মরি মরি, ভিকারিণী বেশ ধরি,

শ্রমিচে কাননে উমা, শোকাক্ল মতি।

মুগ হার। কুরজিণী, হয় যপা বিষাদিনী,

আমার প্রাণ নন্দিনী, হয়েছে তেমন—

শ্রেমন গোণার বর্ণ, হয়েচে নাথ বিবর্ণ,

অনশনে বনে বনে, পুজি পশুপতি॥

গিরি । প্রিয়ে ! তুমি বৃদ্ধিমতী হয়ে অবোধের ন্যায়, বালি কার ন্যায় এমন অমুচিত অমুযোগ কেন করচ ? আমি পূর্বে তোমাকে কতবার বলেচি যে, উমা আমার সামান্য ধন নয়। আদ্যাশক্তী ভগবতী দাক্ষ্যায়ণী তোমার উদরে জন্ম গ্রহণ করেচেন । জগজ্জননী তপন্থিনী বেশে ভগবান অনাথনাথের আরাধনা করচেন, এতে অমুতাপ করা উচিত হয় না । যে অনাথনাথ সকল দেবের আরাধ্য, উমা আমার দেই দেব দেব মহাদেবকে সন্তুট্ট করছে, এর বাড়া আনন্দ আর কি আছে । মহাদেব আমার উমার পাণি গ্রহণ

করবেন বিকার করেছেন। প্রিয়ে! আর অমুতাপের প্রয়োজন কি, (পশ্চাতে অবলোকন করিয়া) এই যে নারদ. আসছেন।

শেন। মহারাজ। ওই পোড়ার মুখে। অলপ্পেয়েইতো আমার দর্বনাশ করেচে। ওই ডেকরাইতো আমার দোণার প্রতিমাকে ভিখারিণীর বেশ সাজিয়েচে। এ্যাতো করেও ওঁর মনোবাদনা পূর্ণ হয় নি, আবার কি সর্বনাশ করতে আদচেন।

নারদের প্রবেশ।

বোগিয়া-কাহার 🛝। 👸

ববম বম ভোলা, জপ মন ! মালা,—
ভন্ম মাথা গায়, গলে কুক্রনাক্ষ মালা।
কাল কুট কণ্ঠে, পরিধান বাঘ্চালা।
ভাটালুট লম্বিভ ত্রিনেত্র উজালা,
রুষভ বাহনে গতি ফলে দক্ষ বালা।

নারদ। (অএদর হইয়া) রাজদম্পতির জয় হোক।
গিরি। আহ্বন আহ্বন দেবর্ষি, (উভয়ের প্রণাম)।
নারদ। চিরায়ুরস্তা কেমন গিরিরাজ, এখন আপেনার মনোবাদনা পূর্ণ হয়েছে ?

মেন। আমাদের মনোবাদনা পূর্ণ হোক আর না হোক, আপনার বাদনা পূর্ণতো হয়েচে তাই পরম মঙ্গল।

আরদ। (স্বগত) মন্দ নয়, কলহ হবার একটা বিলক্ষণ সূত্রপাতহয়েছে। তা আর হবে না,স্বয়ং নারদ ঋষি যে বিবা-হের ঘটক, সে বিবাহে একটা বিশেষ কলহ না হলে আমার

ر د هه در از مقابله دارد دوار برد و بد د المام د کادشما فاسداد مکافر کاداده ما مادید میداد میداد میداد میان

শান থাকে কই। বিশেষতঃ আমি কলহ প্রিয়, এজগতে কে
। না জানে। কলহ নাহলে আমি একদণ্ডও থাকতে পারিনে।
দেখাযাক এখন কলহ কতদূর উন্নতি লাভ করে। (প্রকাশে)
সিরিরাণি! আমি আপনাদের পর্ম হিতৈষী, তবে এমন
কথাটা বল্লেন কেন ?

মেন। আপনি পরম ছিতৈষী বলেইতো আমার হ্বর্ণ প্রতিমা উমাকে, হাত পা বেণে জলে ফেলে দিচেন।

নারদ। (কর্ণে হন্ত প্রদান করিয়া) ছি, ছি গিরিরাণি! আপনি অমন কথা বলবেন না। যোগ্যবেরের সঙ্গেই উমার বিবাহের সক্ষম স্থির;করেচি।

মেন্। আহা ! কি যোগ্যবর্ষ্থ এনেচেন ? একটা আশিবৎসরের বুড়োর সঙ্গে, আমার স্বর্ণলতিকা উমার ,বিবাহের সম্বন্ধ স্থির করেচেন। এর চেয়ে আমার উমা যাবজ্জীবন আইবড় হয়ে থাকে সে ভাল, আপনার আর ঘটকালিতে কাম নাই।

নারদ। কি বলেন, আশিবৎসরের বুড়ো, তা হলোই বা বুড়োরাইতো বিয়ে পাগলা হয়ে থাকে। বুড়ো নইলে আপনার অমন অলকণা মেয়ে কে বিয়ে করবে?

মেন। দেবযি নাবধান হোন, আমার উমা অলক্ষণা, তবে এজগতে স্থলক্ষণা কে আছে ? তাই বুঝি একটা ক্ষপা ভাঙ্গড় বর যুটিয়ে এনেচেন।

নারদ ৷ , না এনে কি করব, আপনার অমন অলকণা মেয়ে কি ভদ্রলোকে বিয়ে করে থাকে ? আপনার যেমন মেরে, বিধাতা তেমনি উপযুক্ত বর যুটিয়ে দিয়েছেন। এতো রাগ করলে চলবে কেন !

মেন। (সকোষে) বিধাতার কপালে আগুণ, আর আপনাকে আমি কি বলব। আমার উমা অলক্ষণা কি সে আপনাকে বলতে হবে, তা নইলে আপনার পায়ে মাথা খুঁড়ে রক্ত গঙ্গা হব।

नांत्रम । (अभे छ) मन्मनश्न, विलक्ष्म । (उर्फाट्ट । (প্রকাশে) শুভে । আগনার কন্যা যে অলক্ষণযুক্ত। এটা ষিকার করতেই হবে। ভাল আপনিই কেন বলুন না. এই অমর কুলে, দৈতা কুলে, সম্রান্ত রাজ কুলের মধ্যে উমার ম্যায় এমন তিন চোকে। মেয়ে কোপাও দেখেছেন। স্থ্তরাং ভাঙ্গড ক্ষপা ত্রিলোচন ব্যতিত, অমন অলক্ষণা মেয়ের পাণিগ্রহণ আর কে করবে ? রাজমহিষি ! আর অনুচিত 😁 আশक्षा क्तरवन ना। जिल्लाहन है जिनस्नात र्याभा वत। त्य त्मवत्मव महात्मव बनामी बनस्त,त्य महात्मव जिल्लानील, যে মহাদেব ত্রিলোকের আরাধ্য, সেই মহাদেব আপনার জাষাতা হবেন। রাজমহিষি! এর অপেকা সৌভাগ্য আর কি আছে। গিরিরাজ! আর বিলম্ব করবেন না কাল অতি শুভোদিন কালই কৈলাসনাথকে উমাধন সমর্পন করুণ। চলুন আরু বিলম্বে আবশ্যক নাই। আমিও रेकनश्टम हरत्वम, जाँदक अन्नामहै। मिरेट्श । कना त्राधनिएड महोत्मवत्क वत मञ्जास मञ्जिल करत जानव, जाशनि ध यथाविहिङ छट्डाल्टश महारमक्टक कना। मल्लुमान कत्रद्वन।

গিরি। যে আজা দেব্ধি আস্থন। দেবাদীদেব মহা-দেব জামাতা হবেন, এর অপেক্ষা সৌভাগ্য আর কি আছে। (মেনকার প্রতি) প্রিয়ে, চল আর বিলম্ব করবার আবশ্যক নাই।

[নারদের প্রস্থান।

মেন। মহারাজ। ক্ষমা করুণ সেই অশিতি বর্ষ রুদ্ধের সঙ্গে উমার বিবাহ কথনই হতে পারে না।

ভৈরৰী-একতালা।

নাপ প্রাণের উমায়—

(कमरन मित डीहांस।

শ্মশান বিহারি, ভোলা ত্রিপুরারি,

ভদা মাৰা যাঁর গায়;

मिनि इतर्ग, वलाह (कगान,

উমা শোভে ভাঁয়।

ख्यांन तिश्रान, यांथित (क्यान,

বল দেখি নাথ শোভে হে কাননে :

खिथातीत गतन, आंग देश धतन,

विवाद कि माग्र।

গিরি! ছি ছি প্রিয়ে! এখনো তোমার ভ্রান্তি দূর হলোনা! যে মহাদেব, ত্রিলোকের আরাধ্য, তাঁকে উমাধন সমর্পণ করব, এর অপেক্ষা ভাগ্য আর কি হতে পারে? চল্ শুভ বিবাহের উদ্যোগ করিগে।

িউভয়ের প্রস্থান।

তৃতীয় অঃ।

তৃতীয় দৃশ্য।

গিরিরাজের অন্তপুর। উসাকে লইয়া জয়া বিজয়াও ছুইজন প্রতিবেশিনীর গানও নৃত্য করিতে করিতে প্রবেশ।

ভৈরবী। যৎ।
ভোরা আয় গো আয় পুরবাসীগণে,
গাইব মঞ্চল গান অভি যভনে।
শার্কভীর পরিণয়, মুখে ভাগিল কদ্য,
অতুল আনন্দোদয়, গিরি-ভবনে।
শুচিবে সব বিষাদ, পুরাইব মনসাধ,
বসাইয়ে শিববাদে, উমা রভনে।

বিজয়। (উমার প্রতি) দখি! আজ আদাদের চির আদালতা পুষ্পবতী হলো। প্রিয়সখি! বদন কমল তুলে একবার চেয়ে দেখ, লজ্জা কি, বিধাতা এত দিনে আমাদের মনোবাদনা পূর্ণ করলেন! দখি! কত কন্টে, কত যত্নে, কত আরাধনার পর যে, কৈলাদনাথকে সন্তুটি করেচি তা কি তুমি জাননা। তবে দখি! এমন শুভদময়ে অমনভাবে তোমার থাকা উচিত হয় না।

তৈরবী। আড়াঠেকা। কেন প্রাণ প্রিয় সখি রহিলে অধোরদ্দে। চেয়ে দেখ স্বধায়ুখি নীল নিরক্ত নয়নে। গুড়দিনে লাজভারে বিধুমুখ নত করে। রয়েচ কিলের ভারে, বল সখি সখী জানে। ভার পরিণয়োৎসবে, মারু পুরবাসী সবে। ভূমি থাকিলে নিরবে, সহিব বল কেমনে।

(উমার চিবুক ধরিয়া, প্রিয়দখি ! এমন শুভদিনে অমন করে কি, লজ্জাভরে থাকতে হয় ? বদন কমল উত্তোলন কর। জয়া। স্থি ! বিজয়া তুমি অমন করচো কেন, বিবাহের দিনে কার না লজ্জা হয় ?

মহাদেব ও গিরিরাক্সকে লইয়া গান করিতে করিতে

নারদের প্রবেশ।

আলাইয়া। জলদতেতালা।

কিবা শভ দিন উদিল মন মোছিল।
মুখনীরে পৃথী ভাসিল।
রতিপতি মোহন, দেবত্রিলোচন।
পার্কান্তী সহিত মিলিল।
সতী খোকে কাতর, হয়ে সতীখর।
জ্বর জ্বর বিরহ দায়।
স্থাচিল দেখাক তাপা, স্থাচিল বিষাদ।
স্থামরের সাধ্য প্রবিল।

গিরি। (মহাদেবকে উমার পার্ষে স্থাপন করিয়া উমার কর মহাদেবের করে সমর্পণ পূর্বক) দেব ! স্থকুমারী উমা আমার স্থবন-প্রতিমা, আমার প্রাণাধিকা উমাকে ভবদীয় কর কমলে সমর্পন করলেম। সরলাবালা এই পর্বিত কুমারিকে যাৰক্ষীবন অনুকুল নয়নে নিরীক্ষণ করলে, চরি- ভার্থ হব। দেক। আপনি যে, আমার উমাকে চিরস্থিনী কর বন, চির বিভদ্ধ দাম্পত্য প্রণয়ে আবদ্ধ রখিবেন, একথা বলাই বাহুল্য।

নারদ। হর গোরির শুভ মিলন দেখে জীবন, মন, নয়ন চরিতার্থ হলো — ত্রিজগত আনন্দ সলিলে নিমগ্র হলো— তারকান্তর কর্ত্তক নিপীড়িত অমর কুলের ভয় বিচুরিত হবোর সূত্রপাত হলো।

সকলের উলুধ্বনি।

প্রতি। দেখ সখি! হর গৌরির আজ কি পরম রমণীয় শোভা হয়েচে, দেখে নয়ন মন চরিতার্থ হলো।

দখী গণের সমন্বরে গান ও নৃত্য।

ভৈরবী থেমটা।

রজত ভূধর কিবা শৈভিল।
ভ্রম্প লতিকা ওই সাধে বেডিল।
পূর বাদী দবে, পরিণয়োৎদরে।
মুখের দাগরে দোহাগে ভাগিল।
উমা শিববানে, দাঁড়াল স্থাচামে।
মোহন শেভায়, দানৰ মে:হিল॥

মদন ও রতিদেবীর প্রবেশ ও দেব দম্পতির প্রতি উভয়ের অভিবাদন।

রতি। ভগবান্! ত্রিলোকে যে, আপনাকে আশুতোঘ বলে একথা যথার্থ। প্রভো! আপনি অনাদি অনন্ত, আপনার অপার মহিমা। আপনার প্রদাদে আজ আমি পুনর্বার স্বনাথ হলেম! বিভো! রতিপতি যে পূন্ববার জীবিত হবেন এ কার মনে ছিল, কেবল আপনার প্রসাদেই আমি হারা পতি পুনর্বার প্রাপ্ত হলেম। আজ দেবদম্পতির শুভ সন্মিলন দেখে ত্রিজগত চরিতার্থ হলো। দেবি! গিরিরাজনন্দিনি, আপনি আর দেবাদীদেব কৈলাসনাথকে পরিত্যাগ করবেন না, ইটী আমাদের কেবল আমাদের কেন,-ত্রিজগতের সকলেরই প্রার্থনা।

প্রতি। সখি, আজ আমাদের স্থের একশেষ, দেব
দম্পতির শুভ সন্মিলনজনক আনন্দ ধরায় আর ধরে না,
সখি! আমার নিতান্ত ইচ্ছা যেন এই স্থ্যময় নিশী আজ আর
প্রভাত না হয়। হে রজনিপতি! আজ আর তুমি অস্তাচলে
গমন করে। না! দেবি! রজনি, তোমাকেও অনুরোধ করি
প্রাণ্শতিকে লয়ে আজ গৃহে গমন করে। না। অনিমেশ
নয়নে হরগৌরির মোহন রূপ দেখে দেহ প্রতিত্ত কর।

বিভাশ—আড়াঠেকা।
আজকি আনন্দোদয় গিরীক্স ভবনে।
পুরিল সকল সাধ হরগোরি সন্মিলনে।
ভানহে রজনিপতি, তোমারে করি মিনতি,
তান্ত গিরি পরে গতি, করোনাহে আজ—
তুমি গেলে অন্তাচলে, দক্ষ করি দুখানলে,
কৈলাসে যাবেন চলে, লয়ে শিব উমাধনে।

CALCUTTA,

যবনিকা পতন।

PRINTED BY I. C. BOSE, AT THE SARITYA PRESS.